

## মাঘ মাসে কৃষক ভাইদের করণীয়

মাঘ মাসের কনকনে শীতের হাওয়া তার সাথে মাকে মাকে শৈতপ্রবাহ শীতের তীব্রতাকে আরো বাড়িয়ে দিয়ে যায়। কথায় আছে মাঘের শীতে বাঘ পালায়। কিন্তু আমাদের কৃষকভাইদের মাঠ ছেড়ে পালানোর কোন সুযোগ নেই। কেননা এ সময়টা কৃষির এক ব্যস্ততম সময়। আর তাই আসুন আমরা সংক্ষেপে জেনে নেই মাঘ মাসে কৃষিতে করণীয় গুরুত্বপূর্ণ কাজগুলোঃ

**বোরো ধান:**

- বোরো ধানে এইজৈড ও জাত অনুসারে চারা রোপণের ১৫-২০ দিন পর প্রথম কিস্তি, ৩০-৪০ দিন পর দ্বিতীয় কিস্তি এবং ৫০-৫৫ দিন পর শেষ কিস্তি হিসেবে ইউরিয়া সারের উপরি প্রয়োগ করতে হবে;
- চারা রোপণের ৭-১০ দিনের মধ্যে গুটি ইউরিয়া প্রয়োগ করতে পারেন। এতে বিঘা প্রতি ৫০-৬০ কেজি ২০ কেজি গুটি ইউরিয়ার প্রয়োজন হয়;
- চারা রোপণকালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে চারা রোপণ করুন;
- বোরো ধানের চারা রোপণের পর শৈত্যপ্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি খরে রাখুন;
- বোরো ধানে নিয়মিত সেচ প্রদান, আগাছা দমন, বালাই ব্যবস্থাপনাসহ অন্যান্য পরিচর্যা করতে হবে। AWD পদ্ধতিতে সেচ প্রদান করলে পানি সাশ্রয় হয় ও ফলন বাড়ে।
- রোগ ও পোকা থেকে ধান ফসলকে রক্ষা করতে সমন্বিত বালাই ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করতে হবে। এ ক্ষেত্রে পরিচ্ছন্ন চাষাবাদ, আচ্ছন্নপরিচর্যা, যান্ত্রিক দমন, উপকারী পোকা সংরক্ষণ, ক্ষেতে ডালপালা পুঁতে পাখি বসার ব্যবস্থা করা, আলোর ফাঁদ এসবের মাধ্যমে ধানক্ষেত বালাই মুক্ত করতে হবে;
- এসব পশ্চাত্তম রোগ ও পোকাকার আক্রমণ প্রতিহত করা না গেলে শেষ উপায় হিসেবে সঠিক বালাইনাশক, সঠিক সময়ে, সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;

**গম:**

- গমের জমিতে যেখানে ঘন চারা রয়েছে তা পাতলা করে দিতে হবে;
- গম পাছ থেকে যখন শিশু বের হয় বা গম গাছের বয়স ৫৫-৬০ দিন হয় তবে জরুরীভাবে গম ক্ষেতে একটি সেচ দিতে হবে। এতে গমের ফলন বৃদ্ধি পাবে;
- ভালো ফলনের জন্য দানা গঠনের সময় আরেকবার সেচ দিতে হবে;
- গম ক্ষেতে ইঁদুর দমনের কাজটি সকলে মিলে একসাথে করতে হবে;

**ভুট্টা:**

- ভুট্টা ক্ষেতের গাছের গোড়ার মাটি তুলে দিতে হবে;
- ভুট্টা ফসলে এইজৈড ও জাত অনুসারে বীজ গজানোর ২৫-৩০ দিন পর প্রথম কিস্তি, ৪০-৪৫ দিন পর দ্বিতীয় কিস্তি ইউরিয়া ও এমওপি সার প্রয়োগ করতে হবে।
- ভুট্টার সাথে সাথী বা মিশ্র ফসলের চাষ করে থাকলে সেগুলোর প্রয়োজনীয় পরিচর্যা করতে হবে।
- ভুট্টা ফসলে ফল আর্সিওয়ার্ম পোকাকার আক্রমণ দেখা দিতে পারে। কাজেই নিয়মিত মনিটরিং, স্কাউটিং ও প্রয়োজনে দমন ব্যবস্থা নিতে হবে মনিটরিং এর জন্য ফেরোমন ট্রাপ (একর প্রতি ৫টি) ব্যবহার করতে হবে।

**আলু:**

- আলু ফসলে নাভি ধস রোগ বা মড়ক রোগ দেখা দিতে পারে, মড়ক রোগ দমনে দেরি না করে ডায়থেন এম ৪৫ অথবা সিকিউর অথবা ইন্ডোফিল নিয়মিত স্প্রে অথবা অনুসোদিত ছত্রাকনাশক মাত্রানুযায়ী প্রয়োগ করতে হবে;
- তাছাড়া আলু ফসলে মালচিং, সেচ প্রয়োগ, আগাছা দমনের কাজগুলো করতে হবে;
- আলু গাছের বয়স ৯০ দিন হলে মাটির সমান করে গাছ কেটে দিতে হবে এবং ১০ দিন পর আলু তুলে ফেলতে হবে;
- আলু তোলার পর ভালো করে শুকিয়ে বাছাই করতে হবে এবং সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে;

**তেল ফসল:**

- সরিষা, ভিসি বেশি পাকলে রোদের তাপে ফেটে গিয়ে বীজ পড়ে যেতে পারে, তাই এগুলো ৮০ ডাগ পাকলেই সংগ্রহের ব্যবস্থা নিতে হবে;

**শীতকালীন সবজি:**

- বেশি ফলন পেতে শীতকালীন শাকসবজি যেমন ফুলকপি, বীথাকপি, টমেটো, বেগুন, ওলকপি, শালগম, গাজর, শিম, লাউ, কুমড়া, মটরশুঁটি এসবের নিয়মিত যত্ন নিতে হবে।
- টমেটো ফসলের মারাত্মক পোকা হলো ফলছিদ্রকারী পোকা। সমন্বিত বালাই দমন পদ্ধতিতে এ পোকা দমন করতে হবে;
- শীতকালে মাটির রস কমে যায় বলে সবজি ক্ষেতে চাহিদা মারফিক সেচ দিতে হবে।
- গোড়ার মাটি আলগা করে দিতে হবে এবং আগাছাসুত্ত রাখতে হবে;

**মসলা জাতীয় ফসল:**

- রোপনকৃত চারা পঁয়াজের উপরিসার প্রয়োগ, সেচ প্রদান ও অন্যান্য পরিচর্যা করতে হবে।

**আম:**

- সাধারণত এ সময় আম গাছে মুকুল আসে। গাছে মুকুল আসার পর থেকে মূল ফোটার পূর্ব পর্যন্ত আক্রান্ত গাছে টিষ্ট-২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি অথবা ২ গ্রাম ডাইথেন এম-৪৫ প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। আমের আকার মটর দানার মতো হলে গাছে ২য় বার স্প্রে করতে হবে;
- এসময় প্রতিটি মুকুলে অসংখ্য হপার নিষ্ক দেখা যায়। আম গাছে মুকুল আসার ১০ দিনের মধ্যে কিছু ফুল ফোটার পূর্বেই একবার এবং এর একমাস পর আর একবার প্রতি লিটার পানির সাথে ১.০ মিলি সিমবুস/ফেনম/ডেসিস ২.৫ ইসি মিশিয়ে গাছের পাতা, মুকুল ও ডালপালা ভালোভাবে ভিজিয়ে স্প্রে করতে হবে।

তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১

নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।

১